

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর : ৫৮.০২.০০০০.০০৬.৯৯.০০৬.২৫-১০৯৫

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬

অফিস আদেশ


সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন ও বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ মার্চ ২০২৬ তারিখের পত্রের প্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে বর্ণিত নির্দেশনা নিশ্চিতকরণ ও নিয়মিত মনিটরিং-এর জন্য নিম্নরূপ একটি 'ভিজিল্যান্স টিম' গঠন করা হলো:

| ক্রম | কর্মকর্তাগণের পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান |
|------|---|-----------------|
| ১. | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২. | উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক (অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৫. | উপপরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

- প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীর নিজ অফিস কক্ষে অবস্থান নিশ্চিত করা এবং দাপ্তরিক কর্মসূচিতে এর প্রতিফলন পর্যবেক্ষণ করা;
- দিনের বেলায় প্রাকৃতিক আলোর সর্বোচ্চ ব্যবহার এবং অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাতি বন্ধ রাখা নিশ্চিত করা;
- অফিস চলাকালীন এয়ার কন্ডিশনার (AC)-এর তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখা নিশ্চিত করা;
- কক্ষ ত্যাগের সময় এবং অফিস সময় শেষে সকল বৈদ্যুতিক সরঞ্জাম (লাইট, ফ্যান, কম্পিউটার, এসি ইত্যাদি) বন্ধ রাখার বিষয়টি তদারকি করা;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ও সাধারণ স্থানে বিদ্যুৎ সাশ্রয় এবং নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা (সিঁড়ির হাতলসহ) নিশ্চিত করা;
- সরকারি নির্দেশনা ব্যতীত কোনো প্রকার আলোকসজ্জা না করার বিষয়টি তদারকি করা এবং জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়া; এবং
- কমিটির কার্যক্রম এবং প্রাপ্ত পর্যবেক্ষণের ভিত্তিতে নিয়মিতভাবে একটি প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা।

২। বর্ণিত বিষয়ে Zero Tolerance (জিরো টলারেন্স) নীতি অনুসরণ করে নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে হবে।


(রাজিব মিনা)

উপপরিচালক (প্রশাসন)
☎ ০২-২২৬৬৬৪৪০০

বিতরণ:

- পরিচালক (প্রশাসন/ অপারেশন/চিকিৎসা পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা
- চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
- অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,.....(সকল)
- সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র,(সকল)
- উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,(সকল)
- প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- সহকারী পরিচালক/সহকারী রাসায়নিক পরীক্ষক/সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার/
রিহেবিলিটেশন অফিসার/.....(সকল)
- মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- প্রশাসনিক কর্মকর্তা/প্রসিকিউটর/সিনিয়র স্টাফ নার্স/মেট্রন.....(সকল)
- অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএনসি (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- জনাব(সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
- অফিস কপি